

## রোয়ানুতে ক্ষতিগ্রস্ত বিদ্যালয় সংস্কার ও বই দেয়া হবে

### যুগান্তর রিপোর্ট

ঘূর্ণিঝড় রোয়ানুর আঘাতে ক্ষতিগ্রস্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো মেরামত করবে সরকার। পাশাপাশি যেসব শিক্ষার্থীর বই নষ্ট হয়ে গেছে তাদের নতুন বই দেয়া হবে। মঙ্গলবার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ তথ্য জানান প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার। তিনি বলেন, যত দ্রুত সম্ভব ঝড়ে ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের বই দেয়া হবে। এছাড়া ঝড়ে কতটি স্কুল ক্ষতিগ্রস্ত হয়েছে তার তালিকা পাঠাতে শিক্ষা কর্মকর্তাদের বলা হয়েছে। তালিকা পেলে স্কুল সংস্কার ও মেরামতের পদক্ষেপ নেয়া হবে।

সাধারণত মোট বইয়ের ৫ শতাংশ আপদকালীন প্রয়োজনের জন্য প্রতিবছর ছাপানো হয়। চলতি বছর প্রাথমিকের জন্য প্রায় ১২ কোটি বই ছাপানো হয়। এরপরও যদি বইয়ের প্রয়োজন হয়, তাহলে ছাপানোর হবে বলে জানান মন্ত্রী। এ সময় মন্ত্রী আরও জানান, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণী এখন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে। তাই ঝড়ে এসব প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের ক্ষতি হলেও এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

এদিকে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আরও বলেন, প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণীতে উন্নীত হওয়ায় পঞ্চম শ্রেণীতে সমাপনী পরীক্ষা না নেয়ার চিন্তা-ভাবনা আছে। আমরা চাই প্রাথমিক সমাপনী একটি হবে। আর তা অষ্টম শ্রেণীতে। পরীক্ষা শেষে আমরা শিক্ষার্থীদের সনদ দেব। তিনি বলেন, তবে এই পরীক্ষার (অষ্টম শ্রেণীর) নাম চূড়ান্ত হয়নি। যেহেতু মন্ত্রিসভায় সিদ্ধান্ত হয়েছিল তাই উভয় মন্ত্রণালয়ের (শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা) একটি মতামত সেখানে (মন্ত্রিসভায়) যাবে। সমাপনী একটা, না দুটো হবে— মন্ত্রিসভা সেই সিদ্ধান্ত দেবে। তবে আমরা চাই, প্রাথমিকে যেন একটাই সমাপনী পরীক্ষা থাকে। চলতি বছর পঞ্চম সমাপনী পরীক্ষা হবে কিনা, সে বিষয়ে তিনি নিশ্চিত করে কিছু জানাতে পারেননি। এ প্রসঙ্গে তিনি বলেন, এখনও ছয় মাস সময় আছে। এ বছরই যেন বাস্তবায়ন করতে পারি সেই চেষ্টা করব। এখন থেকে প্রস্তুতি নিলে এটা বাস্তবায়ন করতে পারব।